

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ
doict.trishal.mymensingh.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৬১৯৪.০০১.১৮.০০২.২৩- ৪৬

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৩ খ্রি:

বিষয়: শেখ রাসেল আইসিটি ক্লাব গঠন প্রসঙ্গে।

- সূত্রঃ ১। জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর আইসিটি শাখার স্মারক নং – ০৫.৪৫.৬১০০.০৩৬.২৪.০০১.১৭.৯০; তারিখঃ ১০.০৬.২০২০ খ্রি.
২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং- ৫৬.০০.০০০০.০১৯.৩৭.০০৪.১৮.৫২; তারিখঃ ১০.০৬.২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন " সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন " শীর্ষক প্রকল্পের আওতায় এবং " শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় সারাদেশে মোট ১২,৭২৮ টি (সৌদি আরবে ১৫ টি সহ) শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। অত্র উপজেলায় স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সংখ্যা মোট ৩৩টি (১টি স্কুল অব ফিউচার সহ)। একটি জ্ঞান নির্ভর তরুণ প্রজন্ম বিনির্মাণের লক্ষ্যে প্রতিটি ল্যাবকে কেন্দ্র করে ক্লাব গঠনের মাধ্যমে ল্যাবসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য শেখ রাসেল আইসিটি ক্লাব গঠন করা প্রয়োজন। সুষ্ঠুভাবে ল্যাব সমূহ পরিচালনার জন্য আইসিটি বিভাগের গত ০২/০৩/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্ববর্তী কমিটি বিলুপ্ত করে নিম্নরূপভাবে কমিটি পুনঃগঠন করা হলোঃ

| | | |
|-----|--|------------|
| (১) | প্রধান শিক্ষক/অধ্যক্ষ | আস্থায়ক |
| (২) | ছাত্র-ছাত্রীদের প্রতিনিধি (০৫ জনঃ ষষ্ঠ হতে দ্বাদশ) (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (৩) | অভিভাবকের প্রতিনিধি (০১ জনঃ প্রধান শিক্ষক কর্তৃক নির্ধারিত) | সদস্য |
| (৪) | ইয়ং বাংলার প্রতিনিধি (০১ জন) | সদস্য |
| (৫) | আইসিটি শিক্ষক | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ১। সর্ব সাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ।
- ২। ক্লাব সমূহ দৈনিক কমপক্ষে ০৩ (তিন) ঘন্টা সদস্যদের ব্যবহারের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ।
- ৩। স্কুল কর্তৃপক্ষের মাধ্যমে ক্লাবটি নিয়মিত ব্যবহার উপযোগী রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।
- ৪। ক্লাব পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রণীত নীতিমালা যথাযথ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ।
- ৫। আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রতিনিধি নিয়মিত ক্লাবটির কার্যক্রম পর্যবেক্ষণ ও মান নিশ্চিতসহ প্রতি মাসে সংশ্লিষ্ট ক্লাবের চলমান অগ্রগতি ও বিদ্যমান অবস্থা আইসিটি অধিদপ্তরকে অবহিত করবেন।
- ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলাধীন ল্যাবসমূহের সার্বিক পরিচালনা ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন। আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত সহকারী প্রোগ্রামারগণ সহকারী সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।
- ০৩। এমতাবস্থায়, শেখ রাসেল আইসিটি ক্লাব গঠনপূর্বক ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে জরুরী ভিত্তিতে অফিস স্মারকসহ অত্র কার্যালয়ে হার্ডকপি এবং স্ক্যান (সফট) কপি doicttrishal@gmail.com এই ই-মেইলে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
(সকল), ত্রিশাল, ময়মনসিংহ।



০৫/১০/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং:৫৬.০৪.৬১৯৪.০০০.১৮.০০২.২৩- ৪৬/১(৮)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৩খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। প্রকল্প পরিচালক (অঃদাঃ), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাওঁ, ঢাকা-১২০৭
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নিবাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৪। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৬। শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।
- ৭। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। অফিস কপি।



(মাহমুদা আখতার)

সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ